
टिनिक क्राक्



মীরসরাইয়ে ছাত্র সংঘর্ষ।। পাঁচ। ঘণ্টা যান চলাচল বন্ধ

ক্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ ছাত্রলীগের দু'গ্রন্থপ এবং ছাত্রলীগ-ছাত্রদলের দু'দফা সংঘর্ষের কারণে শনিবার রাতে ঢাকা-চট্টগ্রাম মহাসভকের সীতাকুও ও মীরসরাইয়ে ৫ ঘট্টা যানবাহন চলাচল বন্ধ ছিল। পুলিশ জানায়, রাত ৮টায় সীতাকুওের বড়দারোগাহাটে বঙ্গবন্ধু স্তি সংসদের কার্যালয় দখল নিয়ে ছাত্রলীগের দু'গ্রুপের ব্যাপক সংঘর্ষ হয়। উভয় পক্ষে গুলি বিনিময় হয়। এতে দিদার নামে একজন গুলিবিদ্ধসহ ১৫ জন আহত হয়। এতে দিদার নামে একজন গুলিবিদ্ধসহ ১৫ জন আহত হয়। এ ঘটনাকে কেন্দ্র করে সভকে ব্যারিকেড সৃষ্টি করা হলে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। এরপর মীরসরাইর ছোট ক্যালদহে হরতাল উপলক্ষে ছাত্রদলের একটি মিছিলে বোমা নিক্ষেপের ঘটনায় ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে সংঘর্ষ হয়। এতে ছাত্রদল কর্মারা সেখানে অবরোধ সৃষ্টি করে। পরে পুলিশী হস্তক্ষেপে অবসান হয় এবং রাত ১টার পর যানবাইন চলাচল পুনরায় শুরু হয়। পুলিশ এ ঘটনার সাথে জড়িত ৫ জনকৈ গ্রেফতার করেছে।